

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্রঃ নং-২। পূর্বানুমোদিত দরের কপি।

সংযুক্ত ক্রঃ নং-৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of Spare Parts for the Repair, Maintenance and Associated Works of the Alum Sulphate Pump at SWTP-2, DWASA কাজের খরচ অনুমোদন প্রসংগে।

সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এ নিরচ্ছিন্ন পানি সরবরাহ অব্যাহত রাখার লক্ষ্যে এ পানি পরিশোধন প্রক্রিয়ায় Alum Sulphate একটি গুরুত্বপূর্ণ রাসায়নিক হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। উক্ত রাসায়নিক নির্ধারিত মাত্রায় প্রয়োগের জন্য স্থাপিত Alum Sulphate Pump সমূহের কার্যক্ষমতা সার্বক্ষণিক সচল রাখা অত্যাবশ্যক। বর্তমানে দীর্ঘদিন ব্যবহারের ফলে পাম্পের বিভিন্ন যান্ত্রিক ও বৈদ্যুতিক খুচরা যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত, অকার্যকর ও প্রতিস্থাপনযোগ্য অবস্থায় উপনীত হয়েছে। উল্লেখ্য যে, Alum Sulphate Pump সমূহের কার্যকারিতা বজায় রাখা এবং নিরচ্ছিন্ন পানি পরিশোধন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে প্রয়োজনীয় মেরামত, রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা অপরিহার্য। প্রয়োজনীয় যন্ত্রাংশ সময়মত প্রতিস্থাপন করা না হলে Alum Sulphate ডোজিং কার্যক্রম ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে, যার ফলে পানি পরিশোধন প্রক্রিয়া বিঘ্নিত হতে পারে এবং শোধনাগারের স্বাভাবিক উৎপাদন কার্যক্রম ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা রয়েছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (SWTP-2)-এর Alum Sulphate Pump-এর মেরামত, রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক কাজ সম্পাদনের জন্য প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশ ক্রয়ের লক্ষ্যে পূর্বানুমোদিত দরের অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রস্তুতকৃত প্রাক্কলনে টাকার পরিমাণ দাড়িয়েছে ৳-২৪৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত কোড নং- ০১-০৪-০১১ হতে বহন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের পানি শোধনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে Procurement of Spare Parts for the Repair, Maintenance and Associated Works of the Alum Sulphate Pump at SWTP-2, DWASA কাজটি পিপিআর ২০২৫ বিধি-১০০ উপ-বিধি-১ ধারায় সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ৳-২৪৭৫০.০০ (চব্বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/০৮/২০২৬

মোঃ আকবরুল হোসেন
উপ-ব্যবস্থাপনা পরিচালক
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

AE

২২/১০/২৬

মোঃ রাকিব হোসেন প্রধান
সহকারী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

EE

২১/৬/২৬
সুজন চন্দ্র বর্মণ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

SE/LE
(সহকারী)
XEN(SWTP-2)

অনুমোদিত।
১১/০৫/২৬
মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপারেশন)
ঢাকা ওয়াসা।